দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 27 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 6

# কলেজ ভার্সিটি শিক্ষক সমিতির সম্মেলন উদ্বোধন

(স্টাফ রিপোর্টার)

গতকাল সকালে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী মিলনায়তনে বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দুইদিনব্যাপী দ্বিতীয় জাতীয় সম্মেলন শুরু হয়।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কলেজ ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন বিচারপতি কামালউদ্দীন হোসেন। সমিতির সভাপতি অধ্যাপক ম. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদিকা হেনা দাস এবং কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী।

প্রধান অতিথির ভাষণে বিচারপতি কামালউদ্দীন হোসেন শিক্ষাঙ্গনে বর্তমান সংকট নিরসনে গণতান্ত্রিক সরকার ব্যবস্থার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন।

তিনি বলেন যে, আর্থ-সামাজিক ও রাজনৈতিক সংকটের সঙ্গে শিক্ষার সংকট জড়িত এবং এ থেকে মুক্তির জন্যে রাষ্ট্রীয় ব্যবস্থায় গণতান্ত্রিক পদ্ধতি ও মূল্যবোধ প্রতিষ্ঠা করতে হবে।

তিনি বর্তমান সরকার ব্যবস্থাকে অগনতান্ত্রিক বলে উল্লেখ করে বলেন যে এই সরকার জনগণের সম্মতি নিয়ে ক্ষমতায় আসেনি।

সভাপতির ভাষণে অধ্যাপক ম আখতারুজ্জামান বলেন যে, শিক্ষা ও শিক্ষক সমাজের প্রতি অবহেলা করে জাতীয় ক্ষেত্রে উন্নয়ন সম্ভব নয়।

তিনি বলেন, আমাদের শিক্ষাব্যবস্থাকে এমনভাবে রূপান্তরিত করতে হবে যার মাধ্যমে রাষ্ট্রীয় চার মূলনীতি (জাতীয়তাবাদ, গণতন্ত্র, ধর্ম নিরপেক্ষতা এবং সমাজতন্ত্র) বাস্তবায়নের উপযোগী মানুষ তৈরি করা যায়।